

সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম

নং- সক্রকচ/এ-৫৯(প্রিলি)/২০১৮/৩০২৬

তারিখ : ৩০.০৬.২০১৮ খ্রি.

**২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির সময়বৃদ্ধি বিজ্ঞপ্তি**  
২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা বিষয়ে ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদন সংগ্রহ ও জমাদান সংক্রান্ত নিয়মাবলী নিম্নরূপ :

**১। ভর্তির যোগ্যতা :**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০০৪ সাল হতে ২০১৬ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক পাস নিয়মিত পরীক্ষায় উত্তীর্ণ অথবা চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্তীরা আবেদন করতে পারবে এবং ভর্তিচ্ছু বিষয়ে (৪০০ নম্বর সম্বলিত) ন্যূনতম ৪০% নম্বর অথবা সিজিপিএ পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবেনা। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক সংরক্ষণ করে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক পাস প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

**২। আবেদনপত্র সংগ্রহের নিয়ম :**

ক) শিক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট Website -www.admissions.nu.edu.bd এর Masters Tab এ গিয়ে Apply Now(Masters Prili.) অপশনে ক্লিক করতে হবে এবং Websiteএ প্রদর্শিত তথ্য হতে স্নাতক পরীক্ষার রোল নম্বর রেজিঃ নম্বর ও পাশের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এই পর্যায়ে আবেদনকারী অনলাইনে সংরক্ষিত ডাটাবেজ এর তথ্য অনুযায়ী Male/Female প্রদর্শিত হবে। আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female বা Female এর স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক তথ্য দিতে হবে। আবেদনকারী তাঁর পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলা নির্ধারণ করে যেকোন কলেজের নাম সিলেক্ট করলে সংশ্লিষ্ট কলেজের প্রার্থীর ভর্তির যোগ্য (Eligible) বিষয়ের তালিকা ও আসন সংখ্যা দেখতে পাবে এবং উক্ত তালিকা থেকে সতর্কতার সঙ্গে তাঁর প্রার্থিত বিষয়ে পছন্দক্রম নির্ধারণ করবে। এই পছন্দক্রম অনুসারে মেধার ভিত্তিতে বিষয় বরাদ্দ দেয়া হবে। এ পর্যায়ে আবেদন ফরমে শিক্ষার্থীর ছবি স্ক্যান করে আপলোড করতে হবে এবং Submit অপশনে গিয়ে ফরম Download করে (ফরম কলেজে জমা দেয়ার আগে) জাতীয় বিশ্ববিদ্যালয় নির্ধারিত আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ০৪/০৭/২০১৮ খ্রি. তারিখের মধ্যে যেকোন শিওরক্যাশ এজেন্টের মাধ্যমে পরিশোধ করতে হবে।

খ) শিওরক্যাশ কী-ওয়ার্ড= COMOP আবেদন ফরমের রোল নম্বর Student ID হিসেবে গণ্য হবে।

গ) আবেদন ফরমের ওপর Transaction ID এবং মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে।

**৩। আবেদন ফরম জমা দেয়ার তারিখ ও সময় :**


তারিখ ও সময়	ফরম জমার স্থান
০৪.০৭.২০১৮ সকাল ১০টা থেকে ১২.৩০টা	কলেজ অডিটোরিয়াম

**৪। আবেদন ফরম জমা দেয়ার সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে:-**


স্নাতক পাস/স্নাতক সম্মান পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি।

বিশেষ দ্রষ্টব্য : জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে যে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবেনা।

প্রতিস্বাক্ষর:

  
৩০.০৬.১৮  
অধ্যক্ষ

সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম

  
৩০/০৬/১৮  
আহ্বায়ক

প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি ২০১৬-১৭  
সরকারি কমার্স কলেজ, চট্টগ্রাম